BASIS

Bangladesh Association of
Software & Information Services



info@basis.org.bd
www.basis.org.bd

বেসিস সদস্যদের জন্য প্রদত্ত সেবাসমূহ

পলিসি সহায়তার পাশাপাশি বেসিস সদস্যসমূহ নিম্নোক্ত সেবাগুলো পেয়ে থাকেন:

* সরকারি নানা সহযোগিতা নিশ্চিত করা
* শুধুমাত্র বেসিস সদস্যদের জন্য আয়োজিত প্রশিক্ষণ ও অনুষ্ঠানে অংশগ্রহণ
* বিভিন্ন অনুষ্ঠান বা আয়োজনে বেসিস সদস্যদের অগ্রাধিকারভিত্তিতে বিশেষ ছাড়

পাশাপাশি সরকারি বিভিন্ন সংস্থার সাথে কাজের ক্ষেত্রে বেসিস সদস্যরা অগ্রাধিকার পেয়ে থাকেন।

সফটওয়্যার ও আইটিইএস সেবায় বেসিসের সহযোগিতা

বেসিস তার সদস্যদের ব্যবসায় সম্প্রসারণে সরকারের কাছ থেকে নানা সহযোগিতা নিশ্চিত করে। সরকার ও বেসরকারি খাতের কর্তাব্যক্তিদের সাথে সমন্বয়ের মাধ্যমে বেসিস তথ্যপ্রযুক্তি বিষয়ক বিভিন্ন নীতিমালা, বিধিমালা ও আইনের খসড়া তৈরি করা ছাড়াও সদস্যদের মতামতের ভিত্তিতে এসব কর্মকাণ্ডে অংশগ্রহণ করে। সম্প্রতি যেসব নীতিমালা, বিধিমালা ও আইন নিয়ে বেসিস কাজ করে যাচ্ছে সেগুলোর মাঝে উল্লেখযোগ্য কয়েকটিঃ

* জাতীয় আইসিটি নীতিমালা ২০০৯, ২০১৫ ও প্রস্তাবিত ২০১৭
* ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৭
* কপিরাইট আইন ২০০০, ২০০৫ ও প্রস্তাবিত ২০১৭
* অনলাইন মিডিয়া নীতিমালা ২০১৭
* সম্প্রচার নীতিমালা ২০১৭
* সম্প্রচার আইন ২০১৭
* ডিজিটাল বাণিজ্য নীতিমালা ২০১৭
* ই-বর্জ্য বিধিমালা ২০১৭
* আইসিটি রফতানিতে আর্থিক প্রণোদনা
* ভ্যাট রহিতকরণ
* ইন্টারনেট ব্যান্ডউইথের দাম কমানো
* অনলাইনে বৈদেশিক লেনদেন বিষয়ক জটিলতা নিরসন, টু-ফ্যাক্টর অথেনটিকেশন চালু
* ইকুইটি অ্যান্ড এন্টারপ্রেওনারশীপ ফান্ড (ইইএফ)
* মূলধন সংগ্রহ (আইডিকল)
* বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ও বিধিমালা সহজীকরণ
* সরকারি ক্রয় নীতিমালায় দেশীয় শিল্পের স্বার্থ সংক্রান্ত বিধিমালা প্রণয়ন

কর্পোরেট ট্যাক্স রহিতকরণ

বেসিসের অনুরোধে সরকার সফটওয়্যার ও তথ্যপ্রযুক্তিনির্ভর সেবাদাতা প্রতিষ্ঠানগুলোর কর্পোরেট ট্যাক্স ২০২৪ সাল পর্যন্ত রহিত করেছে। সদস্যরা এই সেবা পেয়ে থাকেন। এক্ষেত্রে বেসিস সর্বাত্মক সহযোগিতা করে থাকে।

নেটওয়ার্কিং

বেসিস সদস্যরা স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সফটওয়্যার ও তথ্যপ্রযুক্তিনির্ভর প্রতিষ্ঠানের সাথে ব্যবসায় বাড়ানোর জন্য দেশে-বিদেশে বিভিন্ন নেটওয়ার্কিং প্রোগ্রাম ও ম্যাচমেকিংয়ের সুযোগ পান। এর মাধ্যমে বেসিসের অনেক কোম্পানি বিদেশে তাদের ব্যবসায় সম্প্রসারণ করতে পেরেছেন।

বিশেষ ছাড়ে মেলায় অংশগ্রহণ

বেসিস নিয়মিতভাবে বেসিস সফটএক্সপো, বিজনেস সফটওয়্যার শোকেস, সরকারের সাথে যৌথভাবে ডিজিটাল ওয়ার্ল্ড, বাংলাদেশ ইন্টারনেট উইকসহ বছরব্যাপি নানা আয়োজন করে থাকে। বেসিস সদস্যরা এসব মেলা বা এক্সপোতে বিশেষ ছাড়ে অংশগ্রহণের সুযোগ পান এবং তাদের পণ্য ও সেবা প্রদর্শন করতে পারেন। এর মাধ্যমে সদস্যদের ব্যবসায় প্রচারণা ও প্রসারের সুযোগ তৈরি হয়।

দক্ষ জনবল তৈরি

দক্ষ জনবল তৈরিতে কাজ করছে বেসিসের সহযোগি প্রতিষ্ঠান বেসিস ইনস্টিটিউট অব টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইটিএম)। অ্যাপস ডেভেলপমেন্ট, ওয়েব ডেভেলপমেন্ট, অ্যাডভান্সড পিএইচপি, ওওপি, ডটনেটসহ বিভিন্ন বিষয়ে বিশেষ প্রশিক্ষণ দিচ্ছে বিআইটিএম। এছাড়া বিশ্বব্যাংকে অর্থায়নে অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন এসইআইপি প্রকল্পের মাধ্যমে ১২ হাজারের বেশি দক্ষ জনবলের প্রশিক্ষণ হয়েছে এবং আরও ৩০ হাজার দক্ষ জনবল তৈরির কাজ চলছে। ঢাকা ও চট্টগ্রামে বেসিস তার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলেছে। বেসিস সদস্যরাও বেসিস এর সাথে অ্যাফিলিয়েটেড প্রশিক্ষণ প্রদান করছে।

এসটিপি-১ এ অফিস স্থাপনের সুযোগ

রাজধানীর কারওয়ান বাজারে বিডিবিএল ভবনে অবস্থিত দেশের প্রথম সফটওয়্যার টেকনোলজি পার্ক (এসটিপি-১) পরিচালনা করছে বেসিস। সেখানে কম ভাড়া, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও উচ্চগতির ইন্টারনেট সুবিধা রয়েছে। বেসিস সদস্যরা এখানে তাদের অফিস স্থাপনের জন্য জায়গা বরাদ্দ নিতে পারে।

মেধাস্বত্ব সংরক্ষণ

সফটওয়্যার পণ্য ও সেবার ক্ষেত্রে মেধাস্বত্ব সংরক্ষণ ও পেটেন্ট আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত প্রয়োজন। মেধাস্বত্ব সংরক্ষণ বা কপিরাইট আইনের জোরালো প্রয়োগ না থাকার কারণে দেখা যাচ্ছে কিছুদিন পরেই এসব পণ্য ও সেবার সোর্সকোড চুরি হয়ে আরেকটি অ্যাপ্লিকেশন, সফটওয়্যার তৈরি হচ্ছে। ফলে মূল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে আর্থিকসহ নানাভাবে ক্ষতিগ্রস্থ হতে হচ্ছে, তারা নানাভাবে প্রতারিত হচ্ছেন। তাই দেশের সফটওয়্যার খাতের উন্নয়নে মেধাস্বত্ব আইনের সঠিক প্রয়োগ ও এ বিষয়ে সচেতনতা তৈরিতে কাজ করছে বেসিস। ইতিমধ্যেই কপিরাইট বিষয়ে একাধিক সেমিনার আয়োজন করা হয়েছে। বেসিসের অনুরোধে অনলাইনে কপিরাইটের আবেদন প্রক্রিয়া চালু হয়েছে। পাশাপাশি অনেক পুরাতন কপিরাইট আইন, নীতিমালা আধুনিকায়নে সরকারের সাথে কাজ করছে বেসিস। সদস্য কোম্পানিদের পণ্য বা সেবার মেধাস্বত্ব সংরক্ষণে প্রয়োজনীয়তা সহযোগিতাও করে থাকে বেসিস।

ই-ডেলিভারির মাধ্যমে সফটওয়্যার বা টুলস কেনা

বিভিন্ন প্রতিষ্ঠান যাতে বিদেশ থেকে সফটওয়্যার ও টুলস কিনতে পারে এবং সফটওয়্যার লাইসেন্স কেনা, নবায়ন ও হালনাগাদ সংস্করণ ইলেক্ট্রনিক মাধ্যমে (অনলাইন, সিডি, হার্ডড্রাইভ) বাংলাদেশে আনতে চান সেক্ষেত্রে বেসিস সহায়তা করে থাকে। বেসিস সদস্যসহ যেকোন প্রতিষ্ঠান এই সেবা নিতে পারেন।

আর্থিক সহায়তা

সদস্যদের ব্যবসায় পরিচালনা, বিনিয়োগসহ আর্থিক নানা বিষয়ে সহায়তা করতে কাজ করছে বেসিস। এই লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে ক্রেডিট কার্ড, ঋণ সুবিধাসহ নানা প্যাকেজ চালু করেছে।

শাহজালাল ইসলামী ব্যাংক

সদস্যদের ব্যবসায় সম্প্রসারণ ও বিনিয়োগ সমস্যা সমাধানে শাহজালাল ইসলাম ব্যাংক লিমিটেডের সাথে যৌথভাবে বিশেষ ঋণ সুবিধাসহ নানা উদ্যোগ নিয়েছে বেসিস।

আইডিএলসি উদ্ভাবন

সদস্যদের ব্যবসায় সম্প্রসারণ ও বিনিয়োগ সমস্যা সমাধানে আইডিএলসি ব্যাংকের সাথে যৌথভাবে বিশেষ ঋণ সুবিধা 'আইডিএলসি উদ্ভাবন' চালু করেছে বেসিস।

ইস্টার্ণ ব্যাংক লিমিটেড

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস), ইস্টার্ণ ব্যাংক লিমিটেড (ইবিএল) ও মাস্টারকার্ড যৌথভাবে বেসিসের সদস্য কোম্পানি ও কোম্পানির কর্মীদের জন্য এক্সক্লুসিভ টাইটেনিয়াম ক্রেডিট কার্ড চালু করেছে। এই কার্ডটি চমকপ্রদ ও ইউনিক কিছু ফিচার নিয়ে এসেছে। কার্ডটির মাধ্যমে মাস্টারকার্ডের ১৬০০ এর অধিক পার্টনার আউটলেট থেকে বিভিন্ন প্রকার ছাড় ও সুবিধা পাওয়া যাবে, যেমন বোগো (বাই ওয়ান গেট ওয়ান) অফারের মাধ্যমে কক্সবাজার ও সিলেটের শীর্ষস্থানীয় হোটেল ও রিসোর্টে অতিরিক্ত রাত বিনামূল্যে থাকতে পারবেন। নতুন এই কার্ড পাওয়ার জন্য প্রথম বছরে কোনো চার্জ নেই। পরবর্তী বছর থেকে কোনো কার্ডহোল্ডার বছরে ১৮টির অধিক লেনদেন করলে নবায়ন ফি প্রযোজ্য হবে না। এছাড়া প্রথম দুটি সাপ্লিমেন্টারি কার্ড বিনামূল্যে পাবেন গ্রাহকরা। এই মাস্টারকার্ড টাইটেনিয়াম ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যবহারকারীরা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ইবিএল স্কাইলাউঞ্জে বিনামূল্যে প্রবেশ করতে পারবেন। গ্রাহকরা তাদের কার্ডের মাধ্যমে যেকোনো কেনাকাটাকে সহজ ইনস্টলমেন্টে পরিশোধ করতে পারবেন। ওয়েবসাইট: https://www.ebl.com.bd/, মোবাইল: ০১৭১৩-২০১৮৬৯

বেসিস-ব্র্যাক ব্যাংক কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড

বেসিস তার সদস্যদের জন্য বিশেষায়িত 'বেসিস-ব্র্যাক ব্যাংক কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড' দিয়ে থাকে। এই কার্ডের মাধ্যমে সদস্য কোম্পানিগুলো অনলাইনে আন্তর্জাতিক লেনদেন করতে পারেন। বর্তমানে বছরে সর্বোচ্চ ৩০ হাজার ডলার খরচ করার সুবিধা চালু রয়েছে।

এসসিবি ইআরকিউ অ্যাকাউন্ট সেবা

বিদেশে আউটসোর্সিং, বিপিও, ব্যবসায় সেবা, সেবা রফতানি, গবেষণা, পরামর্শ সেবাসহ তথ্যপ্রযুক্তিনির্ভর বিভিন্ন সেবার আয় দেশে আনতে ও সেটি দেশে-বিদেশে খরচ করার সুবিধা দিতে বেসিস স্টান্ডার্ড চার্টার্ড ব্যাংকের সহায়তায় 'এসসিবি ইআরকিউ অ্যাকাউন্ট' সেবা চালু করেছে। বেসিস সদস্যরা ছাড়াও আইটি প্রফেশনালসরা এই সেবা নিতে পারেন।

ডিবিবিএল ভার্চুয়াল কার্ড

আইটি প্রফেশনালস, ডেভেলপার কিংবা ফ্রিল্যান্সাররা যাতে মোবাইল অ্যাপস ও গেইমস তৈরিতে বিভিন্ন প্লেস্টোরে অর্থ পরিশোধ, বিভিন্ন প্রশিক্ষণের ফি পরিশোধ, ডোমেইন-হোস্টিং কেনা, হ্যাকাথনে অংশগ্রহণসহ বিভিন্ন ফি পরিশোধ করতে পারে সেজন্য ডাচ বাংলা ব্যাংকের সাথে মিলে 'ডিবিবিএল ভার্চুয়াল কার্ড' চালু করেছে। যথাযথ প্রমাণাদি সাপেক্ষে বেসিস থেকে প্রত্যয়ন নিয়ে আগ্রহীরা এই সেবা পেতে পারেন।

বেসিস স্মার্ট কার্ড

বেসিস সদস্যরা যাতে বিমানবন্দর, হোটেল, রিসোর্ট, রেস্টুরেন্ট, হাসপাতালসহ বিভিন্ন প্রতিষ্ঠানে অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ ছাড় ও সুবিধা পান তার জন্য 'বেসিস স্মার্ট কার্ড' চালু করছে। এই কার্ডের মাধ্যমে নিম্নোক্ত প্রতিষ্ঠানে সেবা পাওয়া যাবে।

স্বাস্থ্যসেবা

অ্যাপোলো হাসপাতাল লিমিটেড ঢাকা

স্বাস্থ্যসেবার ক্ষেত্রেও বেসিস সদস্যরা বিশেষ ছাড় পাচ্ছেন। অ্যাপোলো হাসপাতালে বেসিস সদস্যরা কিংবা তাদের স্বজনরা ডাক্তারের ফি, বেড ভাড়া, ল্যাব পর্যবেক্ষণ, রেডিওলজি পর্যবেক্ষণ, অপারেশন থিয়েটার ও অ্যানেসথেসিয়া, সার্জন ফি, নার্সি সেবা, ব্লাড ব্যাংক, ফিজিওথেরাপি, ডায়েট কনসালটেশন, প্রসিডিউর ও অ্যাম্বুলেন্স সেবায় ০৫ (পাঁচ) শতাংশ ছাড় পাবেন। যোগাযোগ: অ্যাপোলো হাসপাতাল, প্লট-৮১, ব্লক-ই, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা-১২২৯। ফোন: ০২৮৪৩১৬৬১-৫

ল্যাবএইড লিমিটেড

চিকিৎসা সেবার আওতায় বেসিস ও ল্যাবএইড লিমিটেডের মধ্যে সমঝোতায় বেসিস সদস্যদের জন্য আউট পেশেন্ট ডিপার্টমেন্টে (ওপিডি) সকল ধরণের প্যাথলজিক্যাল ও বায়োকেমিস্ট্রি পরীক্ষায় ১৫ শতাংশ এবং এক্সরে, সিটিস্ক্যান, এমআরআই, আল্ট্রা-সনোগ্রাম, ইসিজি, ইকো ও ইটিটি পরীক্ষায় ১০ শতাংশ ছাড় পাওয়া যাবে। যোগাযোগ: ল্যাবএইড লিমিটেড, বাড়ি-০১, সড়ক-০৪, ধানমণ্ডি, ঢাকা-১২০৫। ফোন: ০১৭১৩৩৩৩৩৩৭

ইউনাইটেড হাসপাতাল লিমিটেড

বেসিস সদস্য ও তার স্বজনরা ইউনাইটেড হাসপাতাল লিমিটেডে সকল প্রকার প্যাথলজিক্যাল টেস্টে ২০ শতাংশ, সকল ডায়াগনস্টিক টেস্টে ১০ শতাংশ ও কেবিনে ৫ শতাংশ ছাড় পাবেন। এছাড়া অগ্রাধিকার ভিত্তিতে সেবা দেওয়া হবে। যোগাযোগ: ইউনাইটেড হাসপাতাল লিমিটেড, প্লট-১৫, সড়ক-৭১, গুলশান, ঢাকা-১২১২। মোবাইল: ০১৯১৪০০১৩৬৬

ভ্রমন

ছুটি রিসোর্ট

দেশে বিশ্বমানের ইকো রিসোর্টে বেসিস সদস্যরা বিশেষ সুবিধা পাবেন। সারা বছর জুড়ে রিসোর্টটিতে যেকোনও রুমের ভাড়ায় সাপ্তাহিক কার্যদিবসে (রবিবার-বৃহস্পতিবার) ৫০ শতাংশ ও সাপ্তাহিক ছুটির দিনে (শুক্রবার ও শনিবার) ২৫ শতাংশ ছাড় পাবেন। এছাড়া বুফেট এবং এ লা কার্টে মেনুতে ১০ শতাংশ ও মাছ ধরাতে ২০ শতাংশ ছাড় রয়েছে। পাশাপাশি বিনামূল্যে রিসোর্টে প্রবেশ, নৌকা ভ্রমণ ও সাঁতারের সুযোগ থাকছে। যোগাযোগ: ছুটি রিসোর্ট, সুকুন্দি, আমতলী, জয়দেবপুর, গাজীপুর। মোবাইল: ০১৭৭৭১১৪৪৮৮, ০১৭৭৭১১৪৪৯৯

নাজিমগড় রিসোর্ট

নাজিমগড় রিসোর্টে বেসিস সদস্যদের জন্য আকর্ষণীয় ছাড় রয়েছে। বুফেট নাস্তা, সুইমিং পুল, ওয়াই-ফাই ইন্টারনেট সুবিধাসহ রিসোর্টে রুম ভাড়ার ৩৫ শতাংশ ছাড় পাবেন তারা। এছাড়া দুপুর ও রাতের খাবারে রয়েছে ১০ শতাংশ ছাড়। পাশাপাশি রিসোর্টের হলরুম ভাড়ার ক্ষেত্রেও ছাড় পাবেন বেসিস সদস্যরা। যোগাযোগ: নাজিমগড় গার্ডেন রিসোর্ট, খাদিমনগর, সিলেট, মোবাইল: ০১৭৪৭২০০১০০, ০১৮৪১০০১২০১, ০১৭১২০২৭৭২২

প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল

বেসিস সদস্যরা প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল ঢাকায় বিশেষ ছাড়ে বিভিন্ন হল ভাড়া নিতে পারবেন। যোগাযোগ: প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল ঢাকা। ফোন: ০২-৫৫০২৮০০৮

হোটেল স্টার প্যাসিফিক

বেসিস সদস্যদের জন্য হোটেল স্টার প্যাসিফিকে রয়েছে বিশেষ ছাড়। রুমের ক্ষেত্রে ৪৫ শতাংশ ছাড় ও খাবারে ১০ শতাংশ ছাড় থাকছে। যোগাযোগ: হোটেল স্টার প্যাসিফিক, পূর্ব দরগাহ গেইট, সিলেট। মোবাইল : ০১৯৩৭৭৭৬৬৪৪

ফারস হোটেল অ্যান্ড রিসোর্ট

রাজধানীর বিজয়নগরে অবস্থিত ফারস হোটেল অ্যান্ড রিসোর্টে বেসিস সদস্যদের জন্য রয়েছে বিশেষ ছাড়। সকল প্রকার রুম ও সেবার ক্ষেত্রে এই ছাড় পাওয়া যাবে। যোগাযোগ: ফারস হোটেল অ্যান্ড রিসোর্ট, ২১২, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী, বিজয়নগর, ঢাকা। ফোন: +৮৮০২৯৫১৫০১২-১৪

ওশান প্যারাডাইস

কক্সবাজারে হোটেল ওশান প্যারাডাইসে বেসিস সদস্যরা অফ-পিক মৌসুমে ৫০ শতাংশ ও পিক মৌসুমে ৪০ শতাংশ ছাড় পাবেন। সাথে বিনামূল্যে থাকছে বুফেট নাস্তা, আনলিমিটেড সুইমিং পুল, জিম, উচ্চগতির ইন্টারনেট সুবিধা, এয়ারপোর্ট পিক-আপ ও ড্রপ-অফ সুবিধা। যোগাযোগ: ওশান প্যারাডাইস হোটেল অ্যান্ড রিসোর্ট, ২৮-২৯, হোটেল মোটেল জোন, কলাতলী সড়ক, কক্সবাজার। মোবাইল: +৮৮০১৯৩৮৮৪৬৭৬১-৬৫

আদিবা এয়ার ইন্টারন্যাশনাল

প্রতিবছর বেসিস সদস্যরা হজ্জ, ওমরাহ পালনসহ নানা কারণে বিদেশ ভ্রমণ করেন। তাই সদস্যদের বিদেশ ভ্রমণে বিশেষ ছাড়ের ব্যবস্থা করেছে বেসিস। আদিবা এয়ার ইন্টারন্যাশনালের সাথে চুক্তির ফলে প্রতিষ্ঠানটিতে বিশ্বের বিভিন্ন প্রান্তে ভ্রমণের ক্ষেত্রে ০৭ (সাত) শতাংশ ছাড় পাওয়া যাবে। যোগাযোগ: আদিবা এয়ার ইন্টারন্যাশনাল, বাড়ি-৫৫ (চতুর্থ তলা), সড়ক-০৬, ব্লক-সি, বনানী, ঢাকা-১২১৩। মোবাইল: ০১৫৩৪-৬৮০০৯৬, ০১৭২০-৫১২৪৪২

গ্লোবাল এয়ারপোর্ট অ্যাসিস্টিং সার্ভিসেস লিমিটেড

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে বেসিস সদস্যরা তাদের লাগেজ, মালামাল বহনের সুবিধার্তে গ্লোবাল এয়ারপোর্ট অ্যাসিস্টিং সার্ভিসেস লিমিটেডের সেবা গ্রহণ করতে পারবেন। বিশেষ ছাড়ে প্রতি যাত্রীর জন্য ২৫০ টাকা হারে এই সেবা পাওয়া যাবে। যোগাযোগ: গ্লোবাল এয়ারপোর্ট অ্যাসিস্টিং সার্ভিসেস লিমিটেড, কক্ষ-৩, গেইট-৬, টার্মিনাল-২ (প্রথম তলা), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা। ফোন: ০২-৮৯০১২৫১

ই-কমার্স

চালডাল ডটকম

দৈনন্দিন প্রয়োজনীয় বাজার সদাই করার নির্ভরযোগ্য ই-কমার্স ওয়েবসাইট ও বেসিস সদস্য প্রতিষ্ঠান চালডাল ডটকমেও রয়েছে বিশেষ ছাড়। সাইটটি থেকে বেসিস সদস্যরা সকল ধরণের গ্রোসারি আইটেমে ০৪ (চার) শতাংশ ছাড় পাবনে। এছাড়া ২০০ টাকার অধিক কেনাকাটা করলে কোনও ডেলিভারি চার্জ লাগবে না। ওয়েবসাইট: https://chaldal.com/, মোবাইল: ০১৮৮১২৩৪৫৬৭

প্রিয়শপ ডটকম

বেসিসের আরেকটি সদস্য প্রতিষ্ঠান ও ই-কমার্স ওয়েবসাইট প্রিয়শপ ডটকমে কেনাকাটা করলে বেসিস সদস্যরা ০৮ (আট) শতাংশ ছাড় পাবেন। প্রোমো/ডিসকাউন্ট কোডের মাধ্যমে এই ছাড় নিশ্চিত করা যাবে। ওয়েবসাইট: PriyoShop.com, মোবাইল: ০৯৬৩৬১০২০৩০

ডিজিটাল মার্কেটিং

রেইজ আইটি সল্যুউশন্স

বেসিস এবং বেসিস সদস্যদের রেইজি আইটি তাদের বিজ্ঞাপন নেটওয়ার্ক রিটস অ্যাডসের মাধ্যমে বিশেষ ছাড়ে বিজ্ঞাপন প্রকাশের সুবিধা দেবে। বছরজুড়ে বেসিসের ১২টি অনুষ্ঠানের সৌজন্য বিজ্ঞাপন ক্যাম্পেইন পরিচালনা করবে রিটস অ্যাডস। এছাড়া রিটস অ্যাডসের মাধ্যমে বেসিস ও এর সদস্য কোম্পানিরা অনলাইন ও ডিজিটাল বিজ্ঞাপন ক্যাম্পেইন (সিপিএম/সিপিসি) এর ক্ষেত্রে নির্ধারিত মূল্যের ৫০ শতাংশ ছাড় পাবেন। এছাড়াও, বেসিস সদস্যরা প্রতিটি ক্যাম্পেইনে ৫ শতাংশ বোনাস ইম্প্রেশন ও বিজ্ঞাপনদাতা হিসেবে রিটস অ্যাডস নেটওয়ার্কে নিবন্ধন করলে ৫০ হাজার ইম্প্রেশন বিনামূল্যে পাবেন। পাশাপাশি বেসিস এবং এর সদস্য কোম্পানির অনলাইন/ডিজিটাল বিজ্ঞাপনের ডিজাইন ও পরিকল্পনায় সহায়তা করবে রেইজ আইটি সল্যুউশন। যোগাযোগ: রেইজ আইটি সল্যুউশন্স, ৬৫, রসুল ভিউ, ময়মনসিংহ রোড, বাংলামোটর, ঢাকা। মোবাইল : ০২-৯৬৬৬৭৮৫